# রাবির ‘সি’ ইউনিটের পঞ্চম অপেক্ষমাণ মেধাতালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক
২২ সেপ্টেম্বর ২০২২ ১২:১৬ এএম | আপডেট: ২২ সেপ্টেম্বর ২০২২ ১২:১৬ এএম
9
Shares




advertisement

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের বিজ্ঞান অনুষদভুক্ত ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পঞ্চম অপেক্ষমাণ মেধাতালিকা প্রকাশিত হয়েছে।

গতকাল মঙ্গলবার রাতে ‘সি’ ইউনিটের ফলাফল প্রকাশ করা হয়। ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়ক অধ্যাপক ড. মো. সাহেদ জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

advertisement 3

বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সায়েন্সেস অনুষদের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের বি.এসসি/বি.ফার্ম/ বি.এসসি.এজি.ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে পঞ্চম অপেক্ষমান ও ষষ্ঠ মেধাতালিকা তালিকা প্রকাশ করা হলো।

advertisement 4

নির্বাচিত প্রার্থীদের আগামী ২৫-২৬ সেপ্টেম্বরের মধ্যে বেলা ১১টা থেকে দুপুর দেড়টার মধ্যে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাই-বাছাইয়ের জন্য কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত এ খুদা একাডেমিক ভবনে উপস্থিত হতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্যকোনো বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়ার সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হলো।

ভর্তি সংক্রান্ত যেকোনো বিষয় জানতে চাইলে অফিস চলাকালীন সকাল ৮টা থেকে বিকেল ৩টা পর্যন্ত বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১ ৭১১১১৫, ০১৩০৩-২১০৩৩৬)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগইন করে অটো মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) অপশন চালু করা যাবে। পরে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে।

এছাড়াও শূন্য আসন সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা থেকে ২৭ সেপ্টেম্বর ৭ম মেধাতালিকা ও ৬ষ্ঠ অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে।

9
Shares